

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 03-09-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, বাল্যবিবাহ রোধে গোটা রাজ্যের মধ্যে দক্ষিণ জেলা রোল মডেল হিসাবে কাজ করছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতিদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ডিজিট্যাল যুগে ব্যাপক জানার সুযোগ কাজে লাগাতে শিক্ষার্থীদের প্রতি প্রামাণ্য দিয়েছেন।
- (৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীর যশোভূমিতে সেমিকন ইন্ডিয়া সম্মেলনের দ্বিতীয় দিনে সেমিকনডাক্টর ক্ষেত্রে বিশেষজ্ঞদের সঙ্গে মত বিনিময় করেছেন।

\*\*\*\*\*

**Bal Vivah Mukta Bharat :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন, বাল্যবিবাহ রোধে গোটা রাজ্যের মধ্যে দক্ষিণ জেলা রোল মডেল হিসাবে কাজ করছে। আজ বিলোনিয়ায় শচীন দেববর্মন অডিটোরিয়ামে দক্ষিণ জেলা শিক্ষা দপ্তর আয়োজিত জেলাভিত্তিক এক দিবসীয় বেটি বাঁচাও বেটি পড়াও সচেতনতামূলক কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি দক্ষিণ জেলার বিভিন্ন বিদ্যালয়ের বালিকা মঞ্চের সদস্যদের কাজেরও ভূয়সী প্রশংসা করেন। বাল্যবিবাহ প্রতিরোধের পাশাপাশি ১৮ বছরের বেশি বয়সের মেয়েদের ড্রাইভিং সহ নানা বৃত্তিমূলক বিষয়ে প্রশিক্ষণ দেবার জন্য রাজ্যপাল প্রশাসনিক আধিকারিকদের প্রামাণ্য দেন।

উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া, দেশের প্রথম আদিবাসী মহিলা বাণিজ্যিক পাইলট ক্যাপ্টেন ববি আজমিরা, বিধায়ক প্রমোদ রিয়াং, স্বপ্না মজুমদার প্রমুখ।

\* \* \* \* \*

### **BJP Meeting-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতিদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। এই লক্ষ্য কেন্দ্র ও রাজ্য সরকারের প্রকল্পগুলি বিশেষ গুরুত্ব সহকারে বাস্তবায়নের কাজ চলছে। আজ আগরতলায় প্রদেশ জনজাতি মোচার এক সাংগঠনিক বৈঠকে তিনি একথা বলেন। বিজেপি প্রদেশ সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য বৈঠকে সাংগঠনিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। বৈঠকে উপস্থিত ছিলেন, বিজেপির ত্রিপুরা এবং আসামের দ্বায়িত্বপ্রাপ্ত সংগঠন মহামন্ত্রী রবীন্দ্র রাজু, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, শিল্পমন্ত্রী সাঞ্জনা চাকমা, জনজাতি মোচার সভাপতি পরিমল দেববর্মা প্রমুখ।

\* \* \* \* \*

### **Fisheries Minister-Dhanpur :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্যে মৎস্য চাষের উন্নয়নের জন্য গত সাড়ে ৪ বছরে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় ২০০ কোটি টাকা ব্যয় হয়েছে। আজ ধনপুরে দ্বিতীয় মৎস্য বাজার শেড উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে প্রতি বছর ১ লক্ষ ১৭ হাজার মেট্রিকটন মাছের চাহিদা রয়েছে। উৎপাদন হচ্ছে ৮৬ হাজার মেট্রিকটন। এই ঘাটতি পূরণের লক্ষ্যে রাজ্য সরকার মৎস্য চাষ আরো সম্প্রসারণের জন্য উদ্যোগ নিয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক বিল্ড দেবনাথ, সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাপ্রিপতি পিন্টু আইচ, কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মির্তু রানী দাস প্রমুখ। অনুষ্ঠানে গত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত কয়েকজন মৎস্যচাষীকে ক্ষতিপূরণ প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Electric Substation-Ratanlal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে বিদ্যুৎপরিকাঠামো শক্তিশালীকরণ ও আধুনিকীকরণের এবং সকলের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ নিশ্চিত করার বিষয়ে সরকারের প্রয়াস অব্যাহত থাকবে। আজ ধলাই জেলার ১৩২ কেভি মনু সাব-স্টেশনের উদ্বোধন করে তিনি একথা বলেন। শ্রী নাথ আরও বলেন, এই সাব স্টেশন উদ্বোধনের ফলে ২১ হাজার ৫৫৪টি পরিবারের পাশাপাশি মনু, ছেলেটা, ধূমাছড়া, বিরাশি মাইল, নেপালটিলা, ছামুনু ও মানিকপাড়ার মতো এলাকা উপকৃত হবে। তিনি বলেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা ৭ লক্ষ ১২ হাজার থেকে বেড়ে ১০ লক্ষ ৩৮ হাজার হয়েছে। তিনি বলেন, রাজ্য সরকার প্রধানমন্ত্রী সূর্য ঘর প্রকল্পের মাধ্যমে জনগণকে সৌরশক্তি ব্যবহার করে নিজস্ব বিদ্যুৎ উৎপাদনে উৎসাহিত করছে। তিনি বলেন যে ২০১৮ সাল থেকে, নতুন প্রযুক্তি প্রবর্তনের মাধ্যমে রাজ্যের বিদ্যুৎ ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক পলদাংশু ও বিধায়ক শঙ্কুলাল চাকমা।

\*\*\*\*\*

### **Minister Kishore Barman :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ বলেছেন, রাজ্যের প্রতিটি পঞ্চায়েতে ই-অফিস ব্যবস্থাপনা চালু হয়েছে। ই-ফাইলিং পদ্ধতিতে গোটা রাজ্য পঞ্চায়েতের কাজকর্ম চলছে। আজ কৈলাশহর সার্কিট হাউজে উনকোটি জেলায় ত্রিস্তর পঞ্চায়েতের কাজকর্ম নিয়ে এক বৈঠকে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের প্রতিটি পঞ্চায়েতেই গ্রামসভার আয়োজন করা হচ্ছে। বৈঠকে উনকোটি জেলায় পঞ্চায়েত দপ্তরের কাজকর্মের বিষয়ে তথ্যচিত্র উপস্থাপন করা হয়। তাছাড়া বিভিন্ন স্থানে পঞ্চায়েত ভবন নির্মাণ সহ গ্রামীণ বিকাশে গৃহীত পদক্ষেপ নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সভাধাপতি অমলেন্দু দাশ, জেলা শাসক ডক্টর

তমাল মজুমদার, পঞ্চায়েত অধিকর্তা প্রসূন দে সহ ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধি এবং B.A.C'র চেয়ারম্যানরা।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# # # # # Sound Byte# # # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **PRESIDENT-TN VISIT :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ডিজিট্যাল যুগে ব্যাপক জানার সুযোগ কাজে লাগাতে শিক্ষার্থীদের প্রতি পরামর্শ দিয়েছেন। তিরুভূরে তামিলনাড়ু কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনের উৎসবে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই পরামর্শ দেন। প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ রাধাকৃষ্ণণের উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, ধারাবাহিক শিক্ষা এবং জ্ঞান ও প্রজ্ঞার বিকাশই গুরুত্বপূর্ণ। তিনি শিক্ষার্থীদের নতুন শিক্ষানীতি পুনরাবিষ্কার করতে বলেন এবং গতিশীল উপায়ে সমাজের বিকাশে তাদের অবদান রাখার আহ্বান জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় গ্রামীণ এবং প্রান্তিক এলাকায় শিক্ষার জাল বিস্তৃত করেছে, যা শিক্ষার্থীদের আরও ভালো ভবিষ্যতের নাগরিক হতে সক্ষম করেছে। আজকের যুবসমাজ অমৃতকালের যুগে রাজস্ব করবে বলে আশ্বস্ত

করে রাষ্ট্রপতি বলেন, তারাই জাতির ভবিষ্যৎ এবং তাদের চারপাশের মানুষের চাহিদার প্রতি সংবেদনশীল হতে হবে।

# # # # # Byte-President# # # # #

\*\*\*\*\*

### **PM-SEMICONDUCTOR :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীর যশোভূমিতে সেমিকন্ডিউটর সম্মেলনের দ্বিতীয় দিনে সেমিকনডাক্টর ক্ষেত্রে বিশেষজ্ঞদের সঙ্গে মত বিনিময় করেছেন। এই উপলক্ষে তিনি সেমিকনডাক্টর সংক্রান্ত একটি প্রদর্শনীও ঘুরে দেখেন। সঙ্গে ছিলেন কেন্দ্রীয় বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈঞ্জ্ঞানিক। শ্রী মোদী এরপর সেমিকনডাক্টর ইন্ডিয়া ২০২৫-এর সি.ই.ও-দের গোল টেবিল বৈঠকে অংশ নেন। বিশ্বের বিভিন্ন দেশ থেকে আসা অগ্রণী শিল্পপতি ও সি.ই.ও-রা এই গোল টেবিল বৈঠকে তাদের মতামত পেশ করেন। মূলত, সেমিকনডাক্টর ক্ষেত্রে ভারতের বাস্তব্যবস্থার বিকাশ ও অগ্রগতির ওপর বৈঠকে আলোচনা হয়।

\*\*\*\*\*

### **Ram Prashad Pal :**

রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে বেকারদের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ মলয়নগর গ্রাম পঞ্চায়েতের বাইপাস সংলগ্ন শ্যামা প্রসাদ মুখার্জি মার্কেট স্টলের উদ্বোধন করে একথা বলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্লকের বিডিও, চেয়ারম্যান, পঞ্চায়েত প্রধান সমর সাহা সহ অন্যরা। উপাধ্যক্ষ বলেন, বর্তমান বেকাররা যোগ্যতা ও স্বচ্ছতার নিরিখে চাকরি পাচ্ছেন। বর্তমান সরকার এই নীতিতে বিশ্বাস করে। চাকরি না পেলেও বিভিন্ন উপায়ে যেন বেকার যুবক-যুবতীরা কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারেন তার জন্য বর্তমান সরকার বিভিন্ন প্রকল্পের মাধ্যমে তাদের সাহায্য সহযোগিতা প্রদান করছে। এই ধরনের মার্কেট স্টলের মাধ্যমে যুব সমাজ

ব্যবসা করে আর্থিক উপার্জনের সুযোগ পাচ্ছে। অনুষ্ঠানে উপাধ্যক্ষ শ্রী পাল  
১৬ জন বেকার যুবক-যুবতীর হাতে স্টলের চাবি তুলে দেন।

\* \* \* \* \*

### **Panchayat Minister :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন আজ ধর্মনগরের অধৰ্ন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে  
উত্তর ত্রিপুরা জেলায় ত্রিস্তুর পঞ্চায়েতের কাজকর্মের পর্যালোচনা করেন।  
বৈঠকে আধিকারিকগণ উত্তর জেলায় চলমান প্রকল্পসমূহের কাজের অগ্রগতির  
পূর্ণাঙ্গ বিবরণ উৎপাদন করেন। পঞ্চায়েত মন্ত্রী শ্রী বর্মন অসমাপ্ত কাজগুলি  
দ্রুততার সঙ্গে আগমনী তিনি মাসের মধ্যে শেষ করার জন্য নির্দেশ দেন।  
বৈঠকে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ, সহকারী  
জেলাশাসক এল. ডার্লং, অধিকর্তা প্রসূন দে প্রমুখ উপস্থিত ছিলেন।

\* \* \* \* \*

### **Red Ribbon Day :**

তরুণ প্রজন্মের মধ্যে এইচ.আই.ভি/এইডস সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা,  
কুসংস্কার দূর করার লক্ষ্যে আজ উদয়পুর রাজস্ব কলাক্ষেত্রে গোমতি  
জেলাভিত্তিক রেড রিবন কুইজ প্রতিযোগিতা-২০২৫ অনুষ্ঠিত হয়। ত্রিপুরা  
স্টেট এইডস কন্ট্রোল সোসাইটি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের যৌথ  
উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতায় জেলার ২৫টি স্কুলের ৫০ জন  
ছাত্রছাত্রী অংশ নিয়েছে। উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের  
সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ  
মজুমদার প্রমুখ। আজকের প্রতিযোগিতায় রাজ্যভিত্তিক আসরে অংশ গ্রহণ  
করার যোগ্যতা অর্জন করেছে ভগিনী নিবেদিতা স্কুল।

\* \* \* \* \*

### **Cataract(eye) surgery :**

কৈলাশহর জেলা হাসপাতালে আজ থেকে শুরু হয়েছে দুদিনের চোখের ছানি  
অপারেশন শিবির। সবার জন্য দৃষ্টি এই ভাবনায় কৈলাশহর লায়ন্স ও

লিও ক্লাব এবং জেলা অন্তর্ভুক্ত নিবারণী প্রকল্প এই শিবিরের আয়োজন করে।  
এই শিবিরে বিনামূলে ১৫০ জনের ছানি অপারেশনের লক্ষ্যমাত্রা নেওয়া  
হয়েছে বলে জানিয়েছেন লায়ন্স ক্লাবের কর্মকর্তা সুপ্রিয় দেবরায়।

\* \* \* \* \*

### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ  
তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াস এর  
কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি  
সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*